# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

দুরালাপনী ঃ
কার্যালয় ঃ ৯৩৩২০৮৬

প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর,
ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প,
৬০/১আউটার সার্কুলার রোড,
রাজারবাগ ঢাকা -১০০০।

স্মারক নং- ৪১৮ তারিখঃ ২১/০৫/২০১৮

## নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০১৭-১৮ইং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর ,ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প, বাপাউবো,ঢাকা এর অধীনে অকেজো/অব্যবহৃত ১ (একটি) টি জীপ গাড়ী যেখানে যে অবস্থায় আছে তাহা নিলামে বিক্রয়ের নিমিত্তে স্থানীয় ঠিকাদার/পুরাতন যানবাহন ক্রয়কারী প্রতিষ্ঠান/ যেকোন ব্যক্তির নিকট হইতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে নিলামের দর আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১। | নিলামকৃত মালামালের বর্ণনা | ঃ | হার্ড জীপ নিশান (বিস্তারিত নিলাম তফসিলে বর্ণিত)। |
| ২। | জামানতের টাকা | ঃ | প্রদত্ত দরের ১০%। |
| ৩। | নিলামে উদ্ধৃত সমূদয় অর্থ জমার তারিখ | ঃ | নিলামে কৃতকার্য দরদাতা বরাবর পত্র প্রদান করা হবে। পত্র প্রদানের তারিখ হতে ৭(সাত) দিনের মধ্যে সমূদয় অর্থ জমা করতে হবে। |
| ৪। | নিলামের তফসিল ক্রয়ের স্থান | ঃ | জনতা ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা। ব্যাংক চলাকালীন সময়। |
| ৫। | নিলাম তফসিল ক্রয়ের শেষ তারিখ | ঃ | ১০/০৬/২০১৮ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ৬। | নিলাম দর গ্রহণের স্থান | ঃ | প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর ,ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প, বাপাউবো, ৯৬০/১ আউটার সার্কুলার রোড ,ঢাকা |
| ৭। | নিলাম দর গ্রহণের তারিখ ও সময় | ঃ | ১১/০৬/২০১৮ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ৮। | নিলাম দর খোলার স্থান | ঃ | প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর ,ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প, বাপাউবো, ৯৬০/১ আউটার সার্কুলার রোড ,ঢাকা |
| ৯। | নিলাম দর খোলার সময় ও তারিখ | ঃ | ১১/০৬/২০১৮ ইং তারিখ বেলা ১৩.০০ ঘটিকায়। |
| ১০। | প্রতিসেট নিলাম তফসিলের মূল্য | ঃ | ১০০০/-(এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)। |
| ১১। | নিলাম নিস্পত্তির সময় সীমা | ঃ | নিলামে কৃতকার্য দরদাতাকে পত্র প্রদানের তারিখ হতে ৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সমূদয় অর্থ উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র ( র‌্যাক), বাপাউবো ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান পূর্বক প্রাপ্তি স্বীকার পত্র গ্রহন করে নিজ খরচে যানবাহনটি সরিয়ে নিতে হবে। উদ্ধৃত দরের সমূদয় অর্থ পরিশোধের ৩(তিন) দিনের মধ্যে যানবাহনটি সরিয়ে নিতে হবে অন্যথায় কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না। |
| ১২। | যানবাহন পরিদর্শনের স্থান | ঃ | ৭২ গ্রীণ রোড, নকশা অঙ্গন,বাপাউবো,ঢাকা। |

### শর্তাবলী

১। যানবাহনটি যেখানে যে অবস্থায় আছে ঐ অবস্থায় গ্রহণ করতে হবে। বর্ণনা তফসীলে যাহা উল্লেখ আছে তাহাই চুড়ান্ত বলে গণ্য হবে।
২। নিলামের দর দাখিলের পূর্বে যানবাহনটি নিলামে ক্রয়কারীকে সরেজমিনে দেখে নিতে হবে।পরবর্তীতে উক্ত বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৩। নিলামে সর্বোচ্চ দরদাতা নিলাম কৃতকার্যকারী হিসাবে গন্য হবেন। নিলামে কৃতকার্যকারী দরদাতার বরাবরে পত্র প্রদান করা হবে।
৪। নিলামে কৃতকার্য দরদাতা বরাবর পত্র প্রদানের ৭(সাত) দিনের মধ্যে সমূদয় অর্থ পরিশোধ করতে হবে এবং অর্থ পরিশোধের ৩(তিন) দিনের মধ্যে যানবাহনটি নিজ খরচে সরিয়ে নিতে বাধ্য থাকবে।
৫। সর্বোচ্চ দরের কৃতকার্য নিলাম ক্রয়কারীকে উদ্ধৃত মূল্যের সহিত সরকারী বিধি অনুযায়ী আয়কর এবং ভ্যাট প্রদান করতে হবে।
৬। সর্বোচ্চ দরদাতার মূল্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য অপেক্ষা অস্বাভাবিক কম হলে পুনঃনিলাম বিজ্ঞপ্তি আহবান করা হবে।
৭। নিলামের সিডিউলে উদ্ধৃত দর অংকে ও কথায় পরিস্কারভাবে লিখিতে হবে। অস্পষ্ট, ঘষামাজা ও কাটাকাটি হইলে নিলামের দর বাতিল বলিয়া গন্য হবে।
৮। কৃতকার্য নিলাম ক্রয়কারী নির্দ্ধারিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করতঃ নিলাম বাতিল করা হবে।
৯। প্রতি সেট 'নিলাম বিজ্ঞপ্তির' দর তফসিল দাখিলের সাথে জামানত হিসাবে উদ্ধৃত দরের ১০% ( শতকরা দশভাগ) হারে উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র ( র‌্যাক), পাউবো ঢাকার বরাবরে জামানতের টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে দাখিল করিতে হইবে। অন্যথায় তাৎক্ষণিকভাবে দাখিলকৃত নিলাম তফসিল বাতিল বলে গণ্য হবে।
১০। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিলাম চুড়ান্ত শেষে নিলামে কৃতকার্যকারীর জামানতের টাকা ব্যতীত অন্য সকল নিলাম দরদাতার জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।
১১। নিলামে দাখিলকৃত দর খোলার সময় সকল নিলামদাতা বা তার প্রতিনিধি উপস্থিত থাকিতে পারবেন।
১২। যানবাহনটি গ্রহণ বা সরিয়ে নেয়ার সময় কোন সরকারী স্থাপনা/সম্পদ ক্ষতিগ্রস্থ হলে তা সর্বোচ্চ কৃতকার্য নিলাম দরদাতা নিজ খরচে মেরামত করে দিতে বাধ্য থাকিবেন।
১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় নিলাম প্রক্রিয়া সম্পূর্ণভাবে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ
(মোঃ আব্দুল মতিন সরকার)
প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী
প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর ,
ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প,
বাপাউবো,ঢাকা

২১/৫/১৮
(মোঃ সাইদুল ইসলাম খান)
নির্বাহী প্রকৌশলী - (অ দা)
ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প
বাপাউবো, রাজারবাগ, ঢাকা।

স্মারক নং- ৪১৮

তারিখঃ ২২/৫/২০১৮ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে আপনার দপ্তরের নোটিশ বোর্ডে দেওয়ার জন্য অনুরোধ করা হলো ঃ-

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল , পাউবো,ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল ,পাউবো, হাসান কোর্ট, মতিঝিল, ঢাকা।
৩। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, পাউবো,ঢাকা।
৪। পরিচালক, কন্ট্রাক্ট ও প্রকিউরমেন্ট সেল, পাউবো,ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী , ঢাকা পওর বিভাগ-১/২, প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর , ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প,পাউবো, ঢাকা।
৬। ব্যবস্থাপক, জনতা ব্যাংক, দিলকুশা কর্পোরেট শাখা, দিলকুশা বা/এ, ঢাকা। তাঁহাকে ১৫(পনের) সেট সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হইল। প্রতি সেট নিলাম তফসিল ১০০০/- (এক হাজার) টাকা নগদ মূল্যে ১০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত বিক্রয় করার জন্য অনুরোধ করা হইল। নিলাম তফসিল বিক্রয়ের টাকা উপ-পরিচালক,ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র (ঢাকা র‍্যাক) পাউবো, কার অনুকূলে জমা প্রদান করার জন্য অনুরোধ জানানো যাইতেছে।
৭। উপ-পরিচালক, ঢাকা অঞ্চলিক হিসাব কেন্দ্র (ঢাকা র‍্যাক),পাউবো, ঢাকা।
৮। উপ-সহকারী প্রকৌশলী, প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর , ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প,পাউবো, ঢাকা।
৯। জনাব/ মেসার্স ...........................................................................................................
১০। নোটিশ বোর্ড , অত্র দপ্তর ।

(মোঃ আব্দুল মতিন সরকার)
প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী
প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর ,
ঢাকা সমন্বিত বন্যা প্রতিরোধ প্রকল্প,
বাপাউবো,ঢাকা

২২/৫/১৮